



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং-ঢাশিবো/বি/৫১২/বি-১/সাধারণ/৫৬৯

তারিখ: ১৯/১০/২০২১

বিষয়: মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের (নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চমাধ্যমিক বিদ্যালয়) পূর্ণ নাম ব্যবহারকরণ প্রসঙ্গে।

সূত্র: মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর এর স্মারক নং: ৩৭.০২.০০০০.১০১.৯৭.০০১.২১.১৯৭;

তারিখ: ২৮ সেপ্টেম্বর ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান (নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চমাধ্যমিক বিদ্যালয়) দাপ্তরিক ও অন্যান্য প্রয়োজনে (দৃশ্যমান সাইনবোর্ড, শিক্ষা প্রতিষ্ঠানের প্যাড, বোর্ডের ডাটাবেইজ ইত্যাদি) প্রতিষ্ঠানের পূর্ণ নাম ও প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাকাল ব্যবহার না করে সংক্ষিপ্ত নাম ব্যবহার করছে। এ ধরনের কার্যক্রম যথাযথ নয়।

ফলে যেসকল শিক্ষা প্রতিষ্ঠান সংক্ষিপ্ত নাম ব্যবহার করেছে সেসকল প্রতিষ্ঠানকে সকল ক্ষেত্রে প্রতিষ্ঠানের পূর্ণ নাম ও প্রতিষ্ঠাকাল ব্যবহার করার জন্য অনুরোধ করা হলো।

স্মারক ইস্যুর তারিখ হতে আগামী ০১ (এক) মাসের মধ্যে নিজ নিজ প্রতিষ্ঠানের দৃশ্যমান সাইনবোর্ডের ছবি, শিক্ষা প্রতিষ্ঠানের প্যাড, ডাটা বেইজ ইত্যাদি সংশোধন করে পূর্ণ নাম ব্যবহারের স্বপক্ষে প্রমাণকসহ বোর্ডকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ইমেইল: is@dhakaeducationboard.gov.bd

ফোন: ০২-৫৮৬১০০৬৯

প্রাপক: অত্র বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল
শিক্ষা প্রতিষ্ঠান
(নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চমাধ্যমিক বিদ্যালয়)

মেমো নং- ৫৬৯(৬)

তারিখ: ১৯/১০/২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, সংশ্লিষ্ট সকল জেলা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট সকল উপজেলা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট সকল জেলা।
- ৬। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।